

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মার্চ ১৬, ২০২০

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
প্রজ্ঞাপন

তারিখ : ১৬ মার্চ, ২০২০ খ্রিস্টাব্দ/০২ চৈত্র, ১৪২৬ বঙ্গাব্দ

নং ১৭.০০.০০০০.০৪৫.৩৬.০০১.১৮-০৭।—The Representation of the People Order, 1972 (P.O. NO. 155 of 1972) এর Article 89A-তে প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে গত ১১ মার্চ, ২০২০ খ্রিঃ তারিখের নং ১০.০০.০০০০ . ১২৫. ২৫. ০০৮.১৮.২০৫ স্মারকমূলে জারীকৃত পত্রের প্রেক্ষিতে উক্ত Order এর Article 89A তে উল্লিখিত Article 73(2B), Article 74(2A), (3), (4), (5), (6), Article 78, Article 79, Article 80, Article 81(1) এবং Article 82 এর অধীন নির্বাচনি অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898) এর section 190 এর sub-section (1) এর অধীন আমলে নেয়া এবং তা সংক্ষিপ্ত বিচারের নিমিত্ত নিম্ন তফসিলের ৩নং কলামে বর্ণিত নির্বাচনি এলাকার জন্য ৪নং কলামে বর্ণিত বিচার বিভাগীয় কর্মকর্তাকে ভোটগ্রহণের পূর্বের দু'দিন, ভোটগ্রহণের দিন ও ভোটগ্রহণের পরের দু'দিন অর্থাৎ ১৯ মার্চ, ২০২০ খ্রিঃ হতে ২৩ মার্চ, ২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট হিসেবে নিয়োগ প্রদান করল :

“তফসিল”

| ক্রমিক নং | নির্বাচনি এলাকার নম্বর ও নাম | নির্বাচনি এলাকার বিস্তৃতি | কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল |
|--------------|---------------------------------|---------------------------|-------------------------------------------------------------------------|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১. | ৩১ গাইবান্ধা-৩ | (ক) সাদুল্যাপুর উপজেলা | জনাব উপেন্দ্র চন্দ্র দাস সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, গাইবান্ধা |
| ২. | | (খ) পলাশবাড়ী উপজেলা | জনাব কাজী ফখরুল আবেদীন জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, গাইবান্ধা |

(৩৫২৯)

মূল্য : টাকা ৪.০০

| ১ | ২ | ৩ | ৪ |
|----|---------------|---------------------------------------------------------|----------------------------------------------------------------|
| ৩. | ১৮৩ ঢাকা-১০ | (ক) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ওয়ার্ড নম্বর- ১৫ ও ১৭ | জনাব ধীমান চন্দ্র মন্ডল মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, ঢাকা |
| ৪. | | (খ) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ওয়ার্ড নম্বর- ১৬ ও ১৮ | জনাব আতিকুল ইসলাম মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, ঢাকা |
| ৫. | | (গ) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ওয়ার্ড নম্বর- ১৪ ও ২২ | জনাব রাজিব হাসান জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ঢাকা |
| ৬. | ৯৮ বাগেরহাট-৪ | (ক) শরনখোলা উপজেলা | জনাব সমির মল্লিক সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, বাগেরহাট |
| ৭. | | (খ) মোড়েলগঞ্জ উপজেলা | জনাব খোকন হোসেন জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, বাগেরহাট |

২। উল্লিখিত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্বপ্রাপ্ত নির্বাচনি এলাকায় এই নিয়োগপত্রের বিপরীতে সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতঃ সংশ্লিষ্ট সকল-কে অবগত করবেন।

৩। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক দায়িত্ব পালনকালে কোন নির্বাচনি অপরাধসমূহ বিচারার্থে আমলে নেয়া হলে তদমর্মে প্রতিবেদন নির্বাচন কমিশন সচিবালয়ের উপ-সচিব (আইন) এর web mail address (ds_law@ecs.gov.bd) এ নিম্নোক্ত ছকে প্রেরণ করবেন।

ছক

নির্বাচনি এলাকা :

| ক্রম | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের নাম, পদবি ও মোবাইল নম্বর | অভিযোগকারীর নাম ও ঠিকানা | যার বিরুদ্ধে অভিযোগ আনয়ন করা হয়েছে তার নাম ও ঠিকানা | অভিযোগের তারিখ ও সংক্ষিপ্ত বিবরণ | অভিযোগের বিষয়ে গৃহীত ব্যবস্থার বিবরণ |
|------|-----------------------------------------------------|--------------------------|-------------------------------------------------------|----------------------------------|---------------------------------------|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |

৪। দায়িত্বপ্রাপ্ত জুডিসিয়াল সার্ভিসের কর্মকর্তাগণকে নির্বাচনি দায়িত্ব পালনের নিমিত্ত অবমুক্ত করার জন্য সংশ্লিষ্ট চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ও চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটকে অনুরোধ করা হল।

৫। উক্ত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্ব পালনকালে ০১ (এক) জন বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারীকে সহকারী হিসেবে সঙ্গে নিতে পারবেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাঁদের নিজ নিজ অফিস প্রধানকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৬। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট এলাকায় দায়িত্বপালনকালে প্রয়োজনীয় যানবাহন সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসককে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৭। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় আদালত পরিচালনার নিমিত্ত প্রয়োজনীয় সশস্ত্র পুলিশ নিয়োগ করার জন্য সংশ্লিষ্ট পুলিশ সুপার-কে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৮। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ ও সংশ্লিষ্ট বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারী বিধি মোতাবেক যাতায়াত ভাতা/দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রাপ্ত হবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ আবু ইব্রাহিম

সিনিয়র সহকারী সচিব (আইন-১)।